



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours Part-II Examination, 2019

বাংলা

চতুর্থ পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রাস্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। সামাজিক নাটকের সংজ্ঞা দিয়ে এর সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। এই শ্রেণির একটি বিশিষ্ট বাংলা নাটকের সার্থকতা বিচার করো। ৪+৬+১০
- অথবা
- যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করোঃ ১০+১০
- (ক) ঐতিহাসিক নাটক (খ) রূপক - সাংকেতিক নাটক  
(গ) মেলোড্রামা (ঘ) প্রহসন।
- ২। কার উদ্যোগে, কবে, কোথায় বেঙ্গলী থিয়েটার স্থাপিত হয়েছিল? এই থিয়েটারে নাট্যাভিনয়ের ইতিহাস সংক্ষেপে বিবৃত করে বাংলা রঙ্গমঞ্চের ধারায় এর গুরুত্ব আলোচনা করো। ১+১+১  
+১০+৭
- অথবা
- যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করোঃ ১০+১০
- (ক) ন্যাশনাল থিয়েটার - প্রতিষ্ঠা ও তাৎপর্য (খ) বাগবাজার অ্যামেচার থিয়েটার  
(গ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার (ঘ) জোড়াসাঁকো নাট্যশালা।
- ৩। প্রহসন বলতে কী বোঝায়? মধুসূদনের 'একেই কি বলে সভ্যতা' প্রহসনরূপে কতখানি সার্থক — তা আলোচনা করো। ৩+৭
- অথবা
- একটি বিশেষ সময়ের করুণ চিত্র ধারণ করে আছে 'একেই কি বলে সভ্যতা'র নারী চরিত্রগুলি — মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০
- ৪। 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' নাটকে ভূত রূপে কাকে দেখা যায়? নাটকে এই চরিত্রটির উপযোগিতা বিচার করো। ১+৯
- অথবা
- উনিশ শতকের গ্রাম বাংলার দুরাচার স্থান পেয়েছে মধুসূদনের 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনে আশ্চর্য নিরপেক্ষতায় — আলোচনা করো। ১০

৫। ‘মুক্তধারা’ নাটকে অভিজিৎ একটি গোত্রহীন চরিত্র। তার এই গোত্রহীনতা আসলে উগ্র জাতীয়তাবাদের পরিপন্থী। — আলোচনা করো। ১৫

অথবা

“ ‘মুক্তধারা’ নাটকে উত্তরকূটে প্রচলিত শিক্ষাব্যবস্থার যে আলেখ্য বিধৃত হয়েছে তা আমাদের শিক্ষা ব্যবস্থায় আজও অম্লান।” — মন্তব্যটির যার্থার্থ্য বিচার করো। ১৫

৬। ‘টিনের তলোয়ার’ নাটকের বক্তব্য বিষয়ের বিবরণ দিয়ে এর নামকরণ কোন্ প্রেক্ষিতে সত্য হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

‘টিনের তলোয়ার’ নাটকের প্রিয়নাথ মল্লিক চরিত্রটির নাট্য উপযোগিতা বিচার করো। ১৫

৭। “যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব এই কথা প্রমাণ করবার ভার আমার উপর” — বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৪

অথবা

‘যে-সব পথ এখনো কাটা হয়নি ঐ দুর্গম পাহাড়ের উপর দিয়ে সেই ভাবীকালের পথ দেখতে পাচ্ছি — দূরকে নিকট করবার পথ।’ — কে কাকে একথা বলেছেন ? ভাবীকালের পথ বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন ? ১+১+৩

৮। ‘এই রমণী ভদ্রলোকের কন্যা হইয়া কুলমান ভুলেছে! কলকেতার হিন্দুসমাজের জাত মাল্লে, ধর্মনাশ কল্পে!’ — বক্তা কে ? তিনি কাকে একথা বলেছেন ? উক্তিটির তাৎপর্য কী ? ১+১+৩

অথবা

“এই নাও ইংরাজ দুঃসমণ। এই নাও নারী ধর্যক ইংরাজ হার্মাদ। আজ বছরের পর বছর আমার দেশকে যা দিয়েছ, এই নাও তার খানিক ফেরৎ নাও।” — বক্তা কে ? কোন প্রসঙ্গে এটি বলা হয়েছে ? উক্তিটিতে বক্তার চরিত্রের কোন্ বিশিষ্টতা পরিস্ফুট হয়েছে ? ১+১+৩